


بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



প্রধান উপদেষ্টা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

০৩ পৌষ ১৪৩১  
১৮ ডিসেম্বর ২০২৪

বাণী

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক 'আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২৪' ও 'জাতীয় প্রবাসী দিবস ২০২৪' উদযাপন করা হচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে আমি প্রবাসী বাংলাদেশী এবং তাঁদের পরিবারের সদস্য, অভিবাসন খাত সংশ্লিষ্ট উন্নয়ন সহযোগী, বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিসহ সকলকে প্রাণচালা শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি।

প্রবাসী কর্মীদের রেমিট্যাঙ্গ বাংলাদেশের বৈদেশিক মুদ্রা রিজার্ভের দ্বিতীয় বৃহত্তম উৎস এবং আমাদের অর্থনৈতিক উন্নয়নের অন্যতম চালিকা শক্তি। বৈষম্যবিরোধী ছাত্র-শ্রমিক-জনতার গণঅভূত্যথানে প্রবাসীদের সক্রিয় ভূমিকা প্রশংসনীয়। পূর্বে দুইটি আলাদা দিনে 'আন্তর্জাতিক অভিবাসী দিবস ও জাতীয় প্রবাসী দিবস' উদযাপন করা হলেও এবার একই দিনে দুইটি দিবস একসাথে উদযাপনের সিদ্ধান্ত নেয়া হয়েছে। এই সিদ্ধান্ত অভিবাসনে সুশাসন নিশ্চিতকল্পে বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারের গৃহীত কর্মপরিকল্পনা ও কার্যক্রমসমূহ প্রবাসীসহ দেশের সার্বিক উন্নয়ন এবং বিশ্ব শ্রমবাজারে বাংলাদেশের সুনাম সমুন্নত রাখতে সহায়তা করবে।

ছাত্র-শ্রমিক-জনতার গণঅভূত্যথানে অন্তর্বর্তীকালীন সরকার গঠনের পর বিগত কয়েক মাসে প্রবাসীদের কল্যাণে নামাবিধ কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে।

আমি 'আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২৪' ও 'জাতীয় প্রবাসী দিবস ২০২৪' উপলক্ষে গৃহীত সকল কর্মসূচির সাফল্য কামনা করছি।

প্রফেসর মুহাম্মদ ইউনুস